



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।

টেলিফোন : 0721-772028, ফ্যাক্স: 0247-811412, ই-মেইল: rgwcollegerajshahi@gmail.com, rgwcollege@yahoo.com, ওয়েবসাইট: www.rgwcollege.ac.bd & rgwcollege.edu.bd

## সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) শ্রেণীতে এই কলেজের জন্য ২৫/০৬/২০১৯ তারিখে চূড়ান্ত ফলাফলে মনোনীত ছাত্রীরা **ভর্তি ফি বাবদ 3000/-** টাকা এবং ডিবিবিএল ব্যাংক চার্জ ও অন-লাইন চার্জ বাবদ **35/-** টাকা মোট **3035/-** টাকা ফি প্রদান করে নিম্নের সূচী অনুযায়ী নিম্নলিখিত প্রক্রিয়ার মাধ্যমে অনলাইনে ভর্তি হতে পারবে। **নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে না পারলে অথবা প্রকৃত তথ্য গোপন করলে অথবা কলেজের ওয়েব সাইট থেকে প্রাপ্ত ভর্তি ফরম এবং সংশ্লিষ্ট কাগজপত্র কমিটির কাছে জমা না দিলে সংশ্লিষ্ট প্রার্থীর ভর্তি বাতিল বলে গন্য হবে।**

তারিখ	বিভাগ	সময়
২৭/০৬/২০১৯	বিজ্ঞান	সকাল ৯.০০ - দুপুর ২.০০
২৯/০৬/২০১৯	মানবিক	
	ব্যবসায় শিক্ষা	
৩০/০৬/২০১৯	বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা	

### ভর্তি প্রক্রিয়া:

১। নির্বাচিত সকল বিভাগের প্রার্থী প্রথমে নিম্নলিখিত নিয়মে ডিবিবিএল মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে **3035/-** টাকা প্রদান করে একটি **Trx. ID** নেবে।

- যে সকল মোবাইলে DBBL মোবাইল একাউন্ট আছে সেই মোবাইল থেকে **\*322#** ডায়াল করে মেনুতে যেতে হবে।
- "1" (One)** সিলেক্ট করতে হবে।
- রাজশাহী সরকারি মহিলা কলেজের **Bill ID '264'** টাইপ করতে হবে।
- Bill No** এ এস.এস.সি রোল টাইপ করতে হবে।
- টাকার পরিমাণ **3035/-** লিখতে হবে।
- চার সংখ্যার পিন টাইপ করতে হবে।
- OK অথবা Send বাটনে ক্লিক করলে একটি **Trx. ID** পাওয়া যাবে।

২। এরপর রাজশাহী সরকারি মহিলা কলেজের ওয়েব সাইটে প্রবেশ করে নিম্নলিখিতভাবে ফরম ডাউনলোড করতে হবে।

- [www.rgwcollege.edu.bd](http://www.rgwcollege.edu.bd)—এই ওয়েব সাইটে প্রবেশ করে **Online Admission** এ ক্লিক করতে হবে।
- এর পর **HSC Admission** এ ক্লিক করতে হবে।
- এখানে **Group, Board, SSC Roll** ও **Trx. ID** প্রদান করলে ফরম বের হবে। এটি পূরণ করলে স্বয়ংক্রিয়ভাবে ক্লাশ রোল পাওয়া যাবে। **এটি প্রিন্ট করে অবশ্যই কলেজে জমা দিতে হবে।**

### ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :

- কলেজ ওয়েব সাইট হতে প্রাপ্ত ভর্তির **pdf form** এর প্রিন্ট কপি।
- ভর্তি আবেদনের সময় প্রাপ্ত Security Code** (এই কোড নং ভুল দিলে ভর্তি বাতিল হবে)
- অনলাইনে প্রাপ্ত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র মূল, প্রশংসাপত্র ও ফটোকপি (এক সেট) কলেজে জমা থাকবে, বিধায় এর একাধিক ফটোকপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।)
- পিতা এবং মাতার ভোটার আইডি কার্ডের ফটোকপি।
- ছাত্রীর জন্ম নিবন্ধনের ফটোকপি।
- সদ্য তোলা ২ (দুই) কপি রঙিন ছবি একটি ছোট খামে ভরে নাম ও ক্লাশ রোল লিখে ভর্তি ফরমের সঙ্গে স্ট্যাপলিং করে জমা দিতে হবে।
- পাঠ বিরতির ক্ষেত্রে (২০১৭, ২০১৮ সালে এসএসসি পাস) পাঠ বিরতির সনদপত্র ও **150/-** টাকা রশিদের মাধ্যমে জমা দিতে হবে।
- বিশেষ ভর্তির জন্য অতিরিক্ত ফি হিসেবে ১০০/- টাকা রশিদের মাধ্যমে জমা দিতে হবে।
- কোচায় ভর্তির ক্ষেত্রে বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি।
- শিক্ষার্থীকে স্বশরীরে উপস্থিত থেকে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং ডি-এগ্লার্টের জন্য নিজ দায়িত্বে ফিঙ্গার প্রিন্ট প্রদান করতে হবে।

**বিঃ দ্রঃ** (১) ভর্তি কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণ করে সম্পন্ন করা হবে।

(২) ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

## কোটায় ভর্তির জন্য প্রয়োজনীয় শর্তাবলী:

কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রথমে কলেজে এসে নিম্নলিখিত মূল কাগজপত্র ও ভর্তির টাকা জমা এবং উপরে উল্লিখিত নিয়মে ভর্তি হতে পারবে।

### \* মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান:

১. মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ও মাসিক ভাতা প্রাপ্তির অনলাইন কপি/গেজেটের মূলকপি ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন ও সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

২. মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান হলে-মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ও মাসিক ভাতা প্রাপ্তির অনলাইন কপি/গেজেটের মূল কপি, পিতা-মাতার সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণপত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন ও সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

\* **শিক্ষা কোটা:** শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ প্রতিষ্ঠানের, উচ্চ মাধ্যমিক পর্যায়ের সরকারি কলেজের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মূল কপি এবং জন্ম সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। বেসরকারি কলেজ হলে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র ও সর্বশেষ এমপিও (MPO) কপি দেখাতে হবে।

### \* প্রবাসী সন্তান:

১. ইমিগ্রেশনের সিলসহ পাসপোর্টের ফটোকপি

২. বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় থেকে বিদেশে কর্মরত (পিতা/মাতা) সংক্রান্ত প্রত্যয়ন, ভিসা ও ওয়ার্ক অর্ডারের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৩. পিতা-মাতা বিদেশে কর্মরত এই মর্মে সংশ্লিষ্ট এলাকার মেয়র/ পৌর মেয়র / চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়নপত্র এবং পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র (NID) দেখাতে হবে।

\* **বিকেএসপি:** এই কোটায় উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।

আহবায়ক

একাদশ শ্রেণির ভর্তি কমিটি : ২০১৭-২০২০

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।